প্রথম আলো

তারিখ ... 6 FEB 2009
পৃঃ ... ৩ ... কলাম ১

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা কমিটি অধ্যাদেশ পর্যালোচনা শুরু

নিজস্ব প্রতিবেদক

স্থগিত রাখা বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা কমিটি অধ্যাদেশ পর্যালোচনার কাজ শুরু করেছে শিক্ষা মন্ত্রণালয়। জাতীয় সংসদের চলতি অধিবেশনেই এটি উত্থাপনের পরিকল্পনা রয়েছে। এর আগ পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পরিচালনা কমিটিগুলোতে রদবদল হচ্ছে না।

গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। এ সময় শিক্ষাবিদ, শিক্ষক সংগঠনের প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ওই সভার সভাপতি শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা কমিটিসংক্রান্ত অধ্যাদেশটি আইনে পরিণত হওয়ার পূর্ব পর্যন্ত এ নিয়ে আলোচনা, সংশোধন ও সংযোজনের সুযোগ আছে। তিনি বলেন, গতকালের পর্যালোচনার আলোকে মন্ত্রণালয় এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে এবং প্রয়োজনে আরও পর্যালোচনা হবে।

বৈঠকে শিক্ষাবিদ অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ, সাংসদ অধ্যক্ষ মো. শাহ আলম, শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোফাখখারুল ইসলাম, অতিরিক্ত সচিব মোজাম্মেল হক খান ও উজ্জ্বল বিকাশ দত্ত, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক অধ্যাপক খান হাবিবুর রহমান, মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মো. মোয়েজ্জদ্দীন আহমেদ, অধ্যাপক ছিদ্দিকুর রহমান এবং শিক্ষক নেতা অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ এম এ সাত্তার প্রমুখ উপস্থিত ছিলেন।